# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ আল-ফিকহুল আকবারের বঙ্গানুবাদ ও ব্যাখ্যা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. শিরক

ইমাম আবূ হানীফা (রাহ) বলেছেন: ‘‘মহান আল্লাহ এক। তাঁর একত্ব সংখ্যায় নয়। বরং তাঁর একত্বের অর্থ তাঁর কোনো শরীক নেই।’’

ইমাম আযম এখানে উল্লেখ করেছেন যে, ‘আল্লাহ একজন আছেন’ এরূপ বিশ্বাসের নাম তাওহীদ নয়। বরং শিরকমুক্ত বিশ্বাসের নামই তাওহীদ। বস্ত্তত শিরকমুক্ত ইবাদত ইসলামের মূল ভিত্তি। মহান আল্লাহ বলেন:

وَاعْبُدُوا اللَّهَ وَلا تُشْرِكُوا بِهِ شَيْئًا

‘‘এবং তোমরা আল্লাহর ইবাদাত কর এবং তাঁর সাথে কোনো কিছুকে শরীক বানিও না।’’[1]

আমরা এ অনুচ্ছেদে কুরআন-সুন্নাহর আলোকে শিরক প্রসঙ্গ আলোচনা করব।

### ফুটনোট

[1] সূরা (৪) নিসা: ৩৬ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7110

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন